৩৪

দৈনিক ইনকিলাব

তারিখ 02 JAN 1993

পৃষ্ঠা ৪ কলাম ২

# বিভিন্ন স্কুলে এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়

বেনাপোল, ১ জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।– শার্শা ও ঝিকরগাছা থানার বিভিন্ন স্কুলে এসএসসি পরীক্ষার্থীদের নিকট থেকে শিক্ষকরা অতিরিক্ত হারে ফি আদায় করছে বলে এক বা একাধিক অভিযোগ পাওয়া গেছে। বেসরকারী স্কুলেই ফরম পূরণের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি-এর পরিবর্তে বেশী অর্থ আদায় করা হচ্ছে। এসএসসি পরীক্ষার্থীদের জন্য বোর্ডের নির্ধারিত ফি ৪শ'/৪শ' ২৫ টাকার স্থলে ১২শ'/১৫শ' টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে। অধিকাংশ ছাত্র/ছাত্রীই টেস্ট পরীক্ষার সময় স্কুলের সকল বকেয়া পরিশোধ করলেও ফরম ফিলাপের সময় বিভিন্ন অজুহাতে সরকার কর্তৃক নির্ধারিত অর্থের চেয়ে দ্বিগুণ অর্থ আদায় করছে। ফলে অনেক গরীব অভিভাবকদের অর্থ যোগান দেয়া দুরূহ হয়ে উঠেছে। অধিকাংশ অভিভাবকরা তাদের গৃহ পালিত গবাদি পশু বিক্রি, জমি বন্ধক রেখে শিক্ষকদের দাবী মেটাতে হচ্ছে। অনেক অভিভাবকরা টাকা যোগাড় করতে না পেরে ছেলে মেয়েদের পরীক্ষায় অংশ নিতে ব্যর্থ হচ্ছে। জরুরী ভিত্তিতে সরকারীভাবে কঠোর ব্যবস্থা গ্রহণ একান্ত প্রয়োজন।